জেন্ডার ট্রান্সফরমেটিভ অ্যাপ্রোচের মাধ্যমে নারীর সম্পদের অধিকার সুনিশ্চিতকরণ

IFAD
Investing in rural people

# নারীর ভূমি ও সম্পদের অধিকার জোরদার করতে জেন্ডার ট্রান্সফরমেটিভ অ্যাপ্রোচ



CIFOR

World Agroforestry

Alliance

Bioversity International

CIAT
International Center for Tropical Agriculture
Since 1967 Science to cultivate change

IFPRI
INTERNATIONAL FOOD POLICY RESEARCH INSTITUTE

© 2023 সেন্টার ফর ইন্টারন্যাশনাল ফরেস্ট্রি রিসার্চ এন্ড ওয়ার্ল্ড অ্যাগ্রোফরেস্ট্রি (CIFOR-ICRAF) এবং ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (IFAD)

Morgan, M. (অ্যালিয়েন্স অফ বায়োভার্সিটি ইন্টারন্যাশনাল এবং CIAT) Larson, A.M. (CIFOR-ICRAF) Trautman, S. (CIFOR-ICRAF) Garner, E. (CIFOR-ICRAF) Elias, M. (অ্যালিয়েন্স অফ বায়োভার্সিটি ইন্টারন্যাশনাল এবং CIAT), Meinzen-Dick, R. (IFPRI), 2023.

নারীর ভূমি ও সম্পদের অধিকার জোরদার করতে জেন্ডার ট্রান্সফরমেটিভ অ্যাপ্রোচ। বোগোর, ইন্দোনেশিয়া: সেন্টার ফর ইন্টারন্যাশনাল ফরেস্ট্রি রিসার্চ (CIFOR) এন্ড নাইরোবি: ওয়ার্ল্ড অ্যাগ্রোফরেস্ট্রি (ICRAF) ইন্টারন্যাশনাল ফান্ড ফর অ্যাগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (IFAD)

এই সারসংক্ষেপটি সহকর্মী কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। আমরা প্রজেক্ট টিম এবং একাধিক CIFOR-ICRAF কর্মীকে তাদের মন্তব্যের জন্য ধন্যবাদ জানাই। বহিরাগত পর্যালোচনাকারী হিসেবে Cheryl Doss কে ধন্যবাদ জানাই।

**প্রস্তুতকারী:** KANDS Collective | hello@kandscollective.com

**এই প্রকল্পের জন্য প্রস্তুতকৃত:** আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের (IFAD) সহায়তায় সেন্টার ফর ইন্টারন্যাশনাল ফরেস্ট্রি রিসার্চ(CIFOR)-ওয়ার্ল্ড অ্যাগ্রোফরেস্ট্রির (ICRAF) নেতৃত্বে অ্যালায়েন্স অব বায়োভার্সিটি ইন্টারন্যাশনাল ও CIAT এবং ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইন্সটিটিউটের (IFPRI) সাথে যৌথভাবে নারীর সম্পদে অধিকার নিশ্চিতে জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচের জন্য আন্তর্জাতিক উদ্যোগ।

এই উদ্যোগ সম্পর্কে

## নারীর সম্পদের অধিকার সুনিশ্চিতকরণ জেন্ডার ট্রান্সফরমেটিভ অ্যাপ্রোচের মাধ্যমে

2020 সালে, ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (IFAD) নীতিমালা, সরঞ্জাম ও চর্চার উন্নতি সাধনের মাধ্যমে গ্রামীণ উন্নয়ন মধ্যস্থতায় জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলো (GTA) একীভূতকরণের মধ্য দিয়ে নারীর ভূমি অধিকারগুলো বিকাশ ও জোরদার করার লক্ষ্যে নির্বাচিত IFAD প্রকল্পগুলোতে একসাথে কাজ করার জন্য, সেন্টার ফর ইন্টারন্যাশনাল ফরেস্ট্রি রিসার্চ এন্ড ওয়ার্ল্ড অ্যাগ্রোফরেস্ট্রি (CIFOR-ICRAF), ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইন্সটিটিউট (IFPRI) এবং অ্যালায়েন্স অফ বায়োভার্সিটি ইন্টারন্যাশনাল এন্ড দ্যা ইন্টারন্যাশনাল সেন্টার ফর ট্রপিকাল এগ্রিকালচার (CIAT) এর একটি কনসোর্টিয়ামকে (সংস্থাগুলোর সম্মিলিত গ্রুপ) আমন্ত্রণ জানায়।

https://www.cifor.org/wlr

https://www.ifad.org/en/gender_transformative_approaches

## ইনিশিয়েটিভ কন্টাক্ট

**Anne M. Larson,**
গভর্ন্যান্স/শাসনপদ্ধতি, সমতা ও কল্যাণ বিষয়ক বিষয়বস্তু পরিচালনা
a.larson@cifor-icraf.org

**Marlène Elias,**
কান্ট্রি লিড/ দেশ প্রধান
m.elias@cgiar.org

**Tshering Choden,**
লিঙ্গ ও সামাজিক অন্তর্ভুক্তি বিষয়ক সিনিয়র কারিগরি বিশেষজ্ঞ, জেন্ডার টিম
t.choden@ifad.org

**Rikke Grand Olivera,**
লিড টেকনিক্যাল স্পেশালিস্ট, টেনইয়া টিম
r.olivera@ifad.org

এই নথিটি IFAD এর আর্থিক সহায়তা নিয়ে প্রস্তুত করা হয়েছে। এই প্রকাশনায় প্রকাশিত ফলাফল, মতামত, ব্যাখ্যা ও উপসংহার এর লেখকদেরই নিজস্ব উপস্থাপন এবং অবধারিতভাবে IFAD, এর নির্বাহী বোর্ড, এর সদস্যবৃন্দ, বা তারা প্রতিনিধিত্ব করে এমন কোনো সদস্য রাষ্ট্রের মতামত প্রতিফলিত করে না। IFAD এই কাজে অন্তর্ভুক্ত ডাটার/তথ্যের সঠিকতার নিশ্চয়তা দেয় না। এই কাজের কোনো মানচিত্রে প্রদর্শিত সীমানা, রঙ, চিহ্নিতকরণ এবং অন্যান্য তথ্য কোনো অঞ্চলের আইনগত অবস্থা অথবা এই জাতীয় সীমানার সমর্থন বা গ্রহণযোগ্যতা সম্পর্কে IFAD এর পক্ষ থেকে কোনো মতামত প্রকাশ করে না।

# একনজরে

## 01

নারীদের ভূমি ও সম্পদে অধিকারের নিশ্চয়তার অভাব সমাজের অন্তর্নিহিত ও গভীরে প্রোথিত প্রতিবন্ধকতার সাথে সংযুক্ত এবং এই প্রতিবন্ধকতার মাধ্যমেই প্রকট আকার ধারণ করে, যা বৈষম্যমূলক ব্যবস্থা, আনুষ্ঠানিক নীতিমালা এবং সামাজিক প্রথার মতো অনানুষ্ঠানিক প্রতিষ্ঠান সহ সব ধরনের লিঙ্গ বৈষম্যকে শক্তি যোগায় এবং জিইয়ে রাখে।





## 02

নারীর ভূমি ও সম্পদের অধিকার জোরদার করার মধ্যস্থতামূলক কার্যক্রমসমূহ পৃথক পৃথক নারীর 'ক্ষমতায়ন' (নারীর সমস্যা সমাধান) থেকে মনোযোগ সরিয়ে জেন্ডার ট্রান্সফরমেটিভ পরিবর্তনগুলো তরান্বিত করার প্রতি গুরুত্ব দেওয়ার বিষয়টি বিবেচনা করতে পারে – যার ফলে নারীর অধিকারে আরো গভীর, দীর্ঘস্থায়ী ও সুদূরপ্রসারী পরিবর্তন ('সিস্টেমের সমস্যা সমাধান') আসবে।

## 03

নারীর ভূমি ও সম্পদের অধিকারের পথে কাঠামোগত বাধাগুলো শনাক্ত ও মোকাবেলা করার জন্য, জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলোকে কেবল লিঙ্গ বৈষম্যের লক্ষণগুলো নিরাময়েই সীমাবদ্ধ না থেকে, আরো বিস্তৃত পরিসরে কাজ করতে হবে।

কোনো একক পদ্ধতিই নারীর ভূমি অধিকারের পথে একাধিক ও আন্তঃসম্পর্কিত বাধাগুলো মোকাবেলা করতে পারে না।





## 04

পরিবর্তনকে কার্যকর করতে বিভিন্ন ক্ষেত্রে, একাধিক স্তর জুড়ে এবং বিভিন্ন ধরনের অংশীদার ও স্টেকহোল্ডারদের সাথে কাজ করে এমন স্থানীয়ভাবে প্রস্তুতকৃত এবং নির্দিষ্ট প্রসঙ্গ ভিত্তিক কৌশলগুলো আরো বিস্তৃত পরিসরে, লিঙ্গ সমতা এবং লিঙ্গ সমতার একটি অপরিহার্য অংশ হিসেবে নারীর ভূমি ও সম্পদের অধিকারের জন্য ট্রান্সফরমেটিভ পরিবর্তনগুলোর বিকাশ সাধনে আরো বেশি অবদান রাখতে পারে।

# সূচনা

আন্তর্জাতিক মানদণ্ড ও নীতিমালা নারীদের জমি প্রাপ্তি, ব্যবহার, উত্তরাধিকার, নিয়ন্ত্রণ ও মালিকানা সহ সকল অধিকার ভোগের ক্ষেত্রে তাদের সমতার অধিকার সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা 5.a নারীদের অর্থনৈতিক সম্পদে সমান অধিকার দেওয়ার পাশাপাশি, ভূমি ও প্রাকৃতিক সম্পদে অ্যাক্সেস, মালিকানা ও নিয়ন্ত্রণ দিতে বিদ্যমান ব্যবস্থার সংস্কারের জন্য সুনির্দিষ্টভাবে আহবান জানায়। নারীর ভূমি ও সম্পদের অধিকার লাভে সহজাতভাবেই একটি অতি গুরুত্বপূর্ণ লক্ষ্য - সেই সাথে অন্যান্য SDG গুলোর বেশিরভাগই অর্জনের ক্ষেত্রে এটি একটি অপরিহার্য ফ্যাক্টর।

ক্রমাগত প্রচেষ্টার পরও, অনেক গ্রামীণ নারীরা তাদের ভূমি ও সম্পদের অধিকারের স্বীকৃতি, সুরক্ষা ও ভোগের অধিকার বঞ্চিত থেকে যাচ্ছে। জলবায়ু পরিবর্তন, বন উজাড় এবং জীববৈচিত্র্য বিলুপ্তির মতো সংকটময় সময়ে, নারীর সীমিত ভূমি অধিকার এবং স্বত্বের সুরক্ষার অভাবকে খাদ্য ব্যবস্থার উপর ব্যাপক নেতিবাচক প্রভাবের পাশাপাশি, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র ও খাদ্য সংকট দূরীকরণের পথে প্রধান অন্তরায় হিসেবে চিহ্নিত করা হয়। তদুপরি, অসম ভূমি অধিকার পরিবার, কমিউনিটি এবং এর বাইরে লিঙ্গের গতিময়তার গঠন নিয়ন্ত্রণ করে, সেই সাথে নারীদের ব্যাক্তিস্বাধীনতা, সামাজিক মর্যাদা ও রাজনৈতিক ক্ষমতার উপর প্রভাব ফেলে।

নারীদের ভূমি ও সম্পদ অ্যাক্সেস, নিয়ন্ত্রণ ও ব্যবহারে সক্ষম হওয়ার পথে দেয়াল হয়ে দাঁড়ানো বাধাগুলো বিভিন্ন দেশে বিভিন্ন ধরনের হয়ে থাকে, কিন্তু বেশিরভাগ ক্ষেত্রে এগুলো মধ্যে অন্তর্ভুক্ত থাকে: জাতীয় ও স্থানীয় পর্যায়ে অপর্যাপ্ত আইনি কাঠামো, নীতিমালার অকার্যকর বাস্তবায়নের সংযোগ, আনুষ্ঠানিক ও প্রচলিত শাসন ব্যবস্থার মধ্যে অসঙ্গতি, নারীদের সিদ্ধান্ত গ্রহণ ও সরকার ব্যবস্থা থেকে দূরে সরিয়ে দেওয়া এবং বৈষম্যমূলক সামাজিক প্রথা, মনোভাব ও চর্চা যা নারীর অধিকারের স্বীকৃতিকে সীমাবদ্ধ করে। সম্পদে লিঙ্গ-ভিত্তিক সমান অ্যাক্সেস বৃদ্ধি করতে পারে এমন নীতিমালা প্রণয়ন ও কার্যকরে রাজনৈতিক সমর্থনের সীমাবদ্ধতা।

এগুল সক্রিয়ভাবে চিহ্নিত ও সংস্কার করা না হলে, মধ্যস্থতামূলক কার্যক্রমগুলো নারীর স্বত্বের অনিরাপত্তা সহ, লিঙ্গভিত্তিক ও সামাজিক অসমতাগুলো আরো জোরদার করতে পারে এমনকি প্রকট আকার ধারণ করতে পারে। একারণে গ্রামীণ উন্নয়ন কর্মসূচির পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের লিঙ্গ বৈষম্য ও নারীর সীমিত ভূমি অধিকারের পেছনে থাকা একাধিক ও আন্তসম্পর্কযুক্ত প্রচ্ছন্ন প্রতিবন্ধকতাগুলো বোঝা ও সমাধান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

মূলধারার জেন্ডার পদ্ধতিগুলো এই কাজে ব্যর্থতার পরিচয় দিয়েছে। একটি ক্রমবর্ধমান গবেষণা ও অনুশীলন সংকলনের পরামর্শ মতে, ব্যাপক ও দীর্ঘস্থায়ী পরিবর্তন নিয়ে আসার জন্য গ্রামীণ উন্নয়ন কর্মসূচিতে জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলো (GTAs) একীভূত করার পরিবর্তে, লিঙ্গ বৈষম্যের পদ্ধতিগত ও অন্তর্নিহিত কারণগুলো শনাক্ত ও সমাধান করতে হবে।

সম্পদের মালিকানা স্বত্ব ব্যবস্থায় লিঙ্গ সমতা বিকাশের জন্য GTA এর অনুধাবন এবং প্রয়োগ এখনো সীমাবদ্ধ থেকে গিয়েছে। এই ঘাটতি পূরণ করার লক্ষ্য, এই সারসংক্ষেপটি নারীর ভূমি ও সম্পদের অধিকারের সাথে সম্পর্কিত ক্ষেত্রে GTA গুলো নিয়ে গবেষণা ও বিশ্লেষণের করেছে।

*নারীর ভূমি ও উৎপাদনশীল সম্পদে আরো শক্তিশালী অধিকার লিঙ্গ সংঘাত থেকে উন্নত সুরক্ষার পাশাপাশি উচ্চ মর্যাদা, উন্নত জীবনমান, উন্নত পুষ্টি ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা, উন্নত স্বাস্থ্য এবং শিক্ষাগত ফলাফল, অধিক আয় এবং ব্যক্তিগত সঞ্চয় এবং আমানতে অ্যাক্সেসের সাথে সংযুক্ত।*

*নারীর ভূমি অধিকার গণতন্ত্র, শান্তি, বিচার, টেকসই উন্নয়ন ও সবার জন্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য অপরিহার্য। নারীদের জন্য নিরাপদ ভূমি অধিকার শক্তিশালী, ধারাবাহিক ইতিবাচক প্রভাবের সূচনা করে যা লিঙ্গ সমতা এবং এক গুচ্ছ অতি গুরুত্বপূর্ণ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও মানবাধিকারের মর্মার্থ অনুধাবনের ক্ষেত্রে সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করে।*

নারী ও মেয়েদের প্রতি বৈষম্য বিষয়ক ওয়ার্কিং গ্রুপের বিবৃতি, জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনারের কার্যালয়



# সংজ্ঞা

## লিঙ্গ ট্রান্সফরমেটিভ পদ্ধতিসমূহ

জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলো বিভিন্ন খাতের জন্য বিকাশ, পাইলট, পরিমার্জন ও প্রয়োগ করা হয় বলে, এগুলোর সংজ্ঞা ভিন্ন ভিন্ন হয় এবং এগুলোকে নিয়ে নানা মতভেদ থাকে। তবে, একটি সাধারণ মত রয়েছে যে জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলো পরিকল্পনা ও নকশা, বাস্তবায়ন এবং অভিপ্রেত ফলাফলের দিক থেকে অন্যান্য লিঙ্গ একীভূতকরণ পদ্ধতিগুলোর থেকে ভিন্ন হয়ে থাকে। শুরুতেই বলা যায়, GTA এর এমন কিছু প্রক্রিয়ার প্রয়োজন যা এই উদ্যোগের দ্বারা নির্ধারিত ব্যক্তিদের (উদাহরণস্বরূপ, তৃণমূল পর্যায়ের নারী এবং তাদের সহযোগীদের) কাঙ্ক্ষিত পরিবর্তনগুলো সঠিকভাবে ব্যাখ্যা করা এবং কৌশল সংযোজনের কাজে নেতৃত্ব দিতে বা উল্লেখযোগ্যভাবে অন্তর্ভুক্ত হতে সক্ষম করবে। GTA এর অন্যান্য সাধারণভাবে স্বীকৃত বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে:



লিঙ্গ সমতা অর্জনের পথে কাঠামোগত বাধা অপসারণ এবং নারী ও পুরুষ, ছেলে ও মেয়ের মধ্যে সুযোগ-সুবিধা, সম্পদ, অধিকার বন্টন এবং দায়িত্ব বন্টনকে চ্যালেঞ্জ করতে চায়;




পরিবার, কমিউনিটি ও সংস্থার মধ্যে আরো ন্যায়সঙ্গত লৈঙ্গিক সম্পর্ক প্রতিষ্ঠা এবং সমাজে নারী ও মেয়েদের মর্যাদা ও অবস্থানের বিকাশ সাধনের লক্ষ্য স্থির করে।



দৈনন্দিন জীবন-যাপন এবং মানুষের সাথে মানুষের পারষ্পরিক সম্পর্ক স্থাপনের নতুন নতুন উপায়গুলো ব্যবহার করে দেখার জন্য তুলনামূলক নিরাপদ স্থান সৃষ্টির মাধ্যমে কট্টর লৈঙ্গিক প্রথা, অসম ক্ষমতার গতিশীলতাকে বুঝতে, তুলে ধরতে, চ্যালেঞ্জ করতে এবং পরিবর্তনে সাহায্য করে।



একাধিক স্তর (ব্যক্তি, পরিবার, কমিউনিটি, সংস্থা/প্রতিষ্ঠান এবং সিস্টেম) জুড়ে বিশ্লেষণাত্মক প্রতিফলন, সংলাপ ও কথোপকথন এবং আচরণগত পরিবর্তনকে সহজতর করে;



এটি চিহ্নিত করে যে নারী ও মেয়েরা প্রায়শই একাধিক ও আন্তঃসম্পর্কিত বৈষম্যের শিকার হয়;



পরিবর্তনের সহযোগী এবং লৈঙ্গিক সমতার সমর্থক হিসেবে পুরুষ এবং ছেলেদের সাথে প্রত্যক্ষভাবে জড়িত হয়; এবং



অংশগ্রহণমূলক, অভিজ্ঞতামূলক এবং অব-ঔপনিবেশিক শিখন পদ্ধতিগুলো ব্যবহার করে।

## সম্পদের সত্ব

সত্বের অধিকার বলতে ভূমি ও সম্পদের অ্যাক্সেস ও ব্যবহার নিয়ন্ত্রণকারী সামাজিক সম্পর্ক এবং প্রতিষ্ঠানকে বোঝানো হয় (von Benda Beckman et al., 2006)। একে প্রায়শ "অধিকারের সমষ্টি" হিসেবে উল্লেখ করা হয়, সত্বাধিকার ব্যবস্থাগুলো যে সত্বা প্রাকৃতিক সম্পদ (উদাহরণস্বরূপ: মাটি, পানি ও কাঠ) বা ভূমি ব্যবহার,আহরণ, পরিচালনা ও নিয়ন্ত্রণ করে তার অধিকার ও দায়িত্বগুলো সংজ্ঞায়িত করে। সম্পদের স্বত্ব সরকার কর্তৃক স্বীকৃত আনুষ্ঠানিক সম্পত্তির অধিকারের চেয়েও বেশি কিছু আওতাভুক্ত করে, যেমন জমি মালিকানার দলিল ও রাষ্ট্রীয় বনভূমি।এছাড়াও এটি প্রচলিত ব্যবস্থার পাশাপাশি অলিখিত, অনানুষ্ঠানিক চর্চাগুলো উল্লেখ করে যেগুলোর মাধ্যমে গ্রামীন জনসাধারণ প্রাকৃতিক সম্পদে অ্যাক্সেস লাভ করে (অথবা যেগুলোর মাধ্যমে তাদের অ্যাক্সেস সীমাবদ্ধ করা হয়ে থাকে)।

## ভূমি অধিকার

আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক নিয়মাবলী, প্রথা ও চর্চার একটি বিস্তৃত সেট যা বিভিন্ন স্বত্ব ব্যবস্থার আওতায় নারী ও পুরুষের ভূমিতে অ্যাক্সেস, পরিচালনা ও ভূমির সুবিধা গ্রহণের উপায়গুলো নিয়ন্ত্রণ করে। এই ফ্যাক্টরগুলো নারীরা যেসব পদ্ধতিতে ভূমিতে অ্যাক্সেস করে সেগুলোকে প্রভাবিত করে, সেই সাথে নারীদের ভূমির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া ক্ষমতা, স্বত্বের নিরাপত্তা এবং তাদের ভূমি অধিকার থেকে সুবিধা পাওয়ার ক্ষমতাকেও প্রভাবিত করে।

## বোঝা নারীর ভূমি অধিকার ও স্বত্বের নিরাপত্তা অনুধাবন

নারীর ভূমি স্বত্বের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে পরিকল্পিত বিভিন্ন নীতিমালা ও কর্মসূচি সুস্পষ্টভাবে দেখায় যে, নারীর স্বত্বের নিরাপত্তা কীভাবে বুঝতে হবে সে বিষয়ে কোনো সর্বজন স্বীকৃত মত নেই। অধিকন্তু, একজন নারীর ভূমিতে অ্যাক্সেস থাকা এবং একজন নারীর ভূমিতে অ্যাক্সেস করার অধিকার থাকার মতো দুইটি ভিন্ন ভিন্ন পরিস্থিতির মধ্যকার পার্থক্য সুস্পষ্টভাবে দেখানোর বিষয়টিও অতীব জরুরী। ঠিক যেভাবে Doss and Meinzen-Dick (2020) যুক্তি উপস্থাপন করেছেন,

**এখানে পার্থক্যটি হলো সে তার আইনগত অধিকার হিসেবে জমিতে অ্যাক্সেস পাক বা অধিকারধারী ব্যক্তির অনুমতি নিয়ে জমিতে অ্যাক্সেস করুক, যেটাই হোক না কেন**

Meinzen-Dick and Pradhan (2002)
দ্বিতীয় ধরনের অ্যাক্সেসটিকে "সহিষ্ণু ব্যবহার" হিসেবে উল্লেখ করেন।

[ii] বনভূমির স্বত্ব ও অ্যাক্সেসের বিষয়ে প্রশিক্ষণ ম্যানুয়াল পাওয়ার জন্য, https://www.cifor.org/knowledge/publication/দেখুন/. সম্পত্তি অধিকার থেকে অ্যাক্সেসের স্বাতন্ত্র্য সম্পর্কে আরো জানতে, দেখুন https://doi.org/10.1111/j.1549-0831.2003.tb00133.x

# নারীর ভূমি ও সম্পদের অধিকারের ক্ষেত্রে জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচ প্রয়োগ

ভূমি ও সম্পদের অ্যাক্সেস ও নিয়ন্ত্রণ নারী সক্ষমতা শক্তিশালী করার গুরুত্বপূর্ণ উপাদান, তবে নারীরা ভূমি ও সম্পদ থেকে সমানভাবে উপকৃত হওয়া অথবা তাদের অধিকার সুরক্ষিত হওয়া নিশ্চিত করার জন্য এটি যথেষ্ট নয়। এটি বৃহত্তর সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষাপট দ্বারা প্রশমিত হয় যা বৃহত্তর সমাজে নারীর ভূমিকা, দায়িত্ব ও মূল্যবোধ নির্ধারণ করে, পাশাপাশি সামাজিক পরিচয় ও মর্যাদাকে সংযুক্ত করে।

> “জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচ সমতা বিধানকারী অবস্থা শনাক্তকরণ এবং প্রতিপালন করার জন্য গুরুত্বপূর্ণ।



যেমন, ভূমির মালিকানায় নারীর নাম যুক্ত করা অথবা এর জন্য একটি জাতীয় নীতি থাকা রূপান্তরমূলক পরিবর্তন আনারজন্য যথেষ্ট নয়। প্রয়োজনীয় হলেও, এই পরিবর্তন এমন কোনো সামাজিক অবকাঠামো ছাড়া টিকে থাকার সম্ভাবনা নেই যা সেই ভূমি থেকে জীবিকা সুরক্ষিত করার, পরিবার এবং কমিউনিটির সিদ্ধান্তে পুরোপুরি অংশ নেওয়ার এবং উত্তরাধিকারের স্থানীয় নিয়ম পরিবর্তন করার সক্ষমতাকে সমর্থন করে এবং শক্তিশালী করে। অর্থাৎ, সম্মিলিত পদক্ষেপ ছাড়া এই ধরনের স্থায়ী পরিবর্তন অসম্ভব।

**জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচ সমতা বিধানকারী অবস্থা শনাক্তকরণ এবং প্রতিপালন করার জন্য গুরুত্বপূর্ণ।** নকশা অনুসারে, GTA নারীদের সত্ব বৈষম্যের অন্তর্নিহিত চালিকা শক্তিকে আক্রমণ করে। এর অর্থ হলো একাধিক মাত্রায় বাধা মোকাবেলা করা যা মহিলাদের অধিকারকে প্রভাবিত করে: মেয়াদ ও লিঙ্গ সম্পর্কিত জাতীয় আইন ও বিধি; এগুলো কীভাবে প্রয়োগ করা হয় এবং এগুলো প্রথাগত অনুশীলন এবং বংশ ব্যবস্থা; উপ-জাতীয় প্রবিধান এবং কমিউনিটির নিয়মাবলী; এবং পারিবারিক গতিশীলতা, সম্পর্ক ও মনোভাবের সাথে কিভাবে সম্পর্কিত। নারীর ভূমি অধিকার পুরুষ, নারী এবং সমাজের (প্রথাগত আইনের ভূমিকা; জনভূমি) জন্য আরো সাধারণভাবে অধিকার গঠনকারী আইনদ্বারা প্রভাবিত হবে, তবে উত্তরাধিকারের নিয়ম, এবং নারীদের অংশগ্রহণ, সিদ্ধান্ত গ্রহণ এবং নেতৃত্বের অধিকারের মতো নারীদের সত্ত্বাধিকার প্রভাবিত করে এমন নির্দিষ্ট আইন এবং নিয়মকেও প্রভাবিত করবে, যেমন নারীকে সমাজের পূর্ণ সদস্য হিসেবে দেখা (যেমন, স্বাধীন ভোট এবং সমাজের বিষয়ে মতামত থাকা) অথবা পদে অধিষ্ঠিত হওয়া। সরকারী কর্মকর্তা, প্রযুক্তিবিদ এবং এনজিওর মনোভাব, অগ্রাধিকার, আচরণ ওং অনুশীলনকে প্রভাবিত করে এমন সামাজিক নিয়ম ও পক্ষপাতদুষ্ট আইন ও প্রবিধান বাস্তবায়ন এবং কমিউনিটিকে সহায়তা প্রদানের ক্ষেত্রে তাদের ভূমিকার কারণে নারী অধিকারকেও প্রভাবিত করে। এটি চিত্র 1 এ চিত্রিত জেন্ডার ট্রান্সফর্মেটিভ পরিবর্তন বোঝার কাঠামোতে উল্লেখ হয়েছে।

বিশেষ করে স্বত্তের ক্ষেত্রে, ভূমিতে গ্রামীণ নারীদের অধিকারকে রূপান্তরিত করার জন্য সাধারণভাবে গ্রামীণ ভূমি ও সম্পদের অধিকার এবং বিশেষত নারীর অধিকার প্রতিষ্ঠা করতে হবে। এটি পর্যাপ্ত এবং অ্যাক্সেসযোগ্য ডকুমেন্টেশন প্রক্রিয়ার মাধ্যমে জমি অর্জন এবং এর অধিকার সুরক্ষিত করার ক্ষমতায় প্রতিফলিত হবে; ভূমি ও সম্পদের অধিকারের দীর্ঘকালীন নিরাপত্তা, অর্থ্যাৎ সেগুলো রাষ্ট্র কর্তৃক স্বীকৃত, সম্মানিত এবং সুরক্ষিত হবে, বিশেষ করে সংঘাতের সময়ে; অনুকূল পরিবেশে প্রবেশযোগ্যতার পাশাপাশি, সময়ের সাথে সাথে সেইসব সম্পদ মাধ্যমে মর্যাদাপূর্ণ জীবিকার সুযোগ ও তা থেকে কাঙ্ক্ষিত আয় করার সক্ষমতা অর্জন সম্ভব হবে (যেমন: আমানত, পর্যাপ্ত সম্পত্তি); তাদের নিজ ইচ্ছা অনুযায়ী সম্পদ ব্যবহার এবং ব্যবস্থাপনামূলক সিদ্ধান্তের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, সালিশী ও অন্যায্য বিধি আরোপ থেকে মুক্ত থাকা; সেই সাথে জবরদখল বা জোরপূর্বক দখলের বিরুদ্ধে এই অধিকারগুলো রক্ষার জন্য অভিযোগ দায়ের সহজে বিচার পাওয়ার সুযোগ। এই সুনির্দিষ্ট বিষয়গুলো পৃথক ও সমষ্টিগত সিস্টেমের মধ্যে এবং আনুষ্ঠানিক ও প্রথাগত সিস্টেমের মধ্যে পরিবর্তিত হবে। যেমন, প্রথাগত লোকদের জন্য, এর অর্থ বৈষম্যমূলক রীতিনীতিকে চ্যালেঞ্জ করার সময় তাদের নিজস্ব সংজ্ঞা, রীতিনীতি ও ইতিহাসের উপর ভিত্তি করে স্বত্বের দাবি জোরদার ও সুরক্ষিত করা।

নারীদের জন্য, এর মধ্যে এই সকল কারণ অন্তর্ভুক্ত থাকবে, প্রাসঙ্গিক পরিবার, কমিউনিটি এবং বাহ্যিক ফোরাম ও সত্তাতে সহিংসতার হুমকি (পারিবারিক বা অন্যান্য) থেকে মুক্ত ভূমি ও সম্পদের ভবিষ্যত সম্পর্কে নেতৃত্ব দেওয়ার এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা; এবং উত্তরাধিকার সূত্রে, মালিকানা এবং পুরুষের সমতুল্য জমি থেকে জীবিকা উপার্জন।

এছাড়াও, যারা জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচ গ্রহণ করছেন তাদের বুঝতে হবে যে অনেক ক্ষেত্রে, ভূমি ও সম্পদের সত্ব ব্যবস্থা বিদ্যমান নীতি, অর্থনৈতিক বা জনতাত্বিক শক্তির ফলস্বরূপ রূপান্তরিত হচ্ছে (যেমন, ভূমি রক্ষণাবেক্ষণ কর্মসূচি, নগরায়ন, বা জমির ক্রমবর্ধমান মূল্য)। এ ধরনের রূপান্তর নারীর ভূমি ও সম্পদের অধিকারের জন্য হুমকি সৃষ্টি করতে পারে, তবে বৃহত্তর লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়নের জন্য ব্যবস্থা পরিবর্তনের সুযোগও দিতে পারে।

সংক্ষেপে, **সম্পদের অধিকার সামাজিক প্রতিষ্ঠানের পাশাপাশি রাজনৈতিক, নীতি ও আইনী প্রতিষ্ঠানের সাথে গভীরভাবে জড়িত। আরো ন্যায়সঙ্গত ভূমি ও সম্পদের অধিকারের দিকে রূপান্তর করার জন্য এমন মধ্যস্থতা প্রয়োজন যা ব্যক্তি ও পরিবার থেকে শুরু করে সমাজ, সমষ্টিগত এবং বৃহত্তর সমাজে একাধিক স্কেলে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক প্রতিষ্ঠানকে পরিবর্তন করার লক্ষ্য রাখে।**

**চিত্র 1** *ধারণামূলক কাঠামো: নারীর ভূমি ও সম্পদ অধিকার জোরদারে জেন্ডার ট্রান্সফর্মেটিভ অ্যাপ্রোচ* [ii]




[ii] জেন্ডার অ্যাট ওয়ার্ক ফ্রেমওয়ার্ক থেকে গৃহীত https://genderatwork.org/analytical-framework

# জেন্ডার ট্রান্সফরমেটিভ অ্যাপ্রোচের পরিকল্পনাকে সমর্থন

সংযোজিত জেন্ডার অ্যাট ওয়ার্ক ফ্রেমওয়ার্কটি (চিত্র 1) বিভিন্ন পরিসরে ভিন্ন ভিন্ন আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক ক্ষেত্রের

মূলধারার জেন্ডার পদ্ধতিগুলো নারীর ভূমি ও লিঙ্গ সমতার সুরক্ষায় কার্যকর ভূমিকা রাখতে পারেনি কারণ যেমন নারীদের সচেতনতা বৃদ্ধি (উপরে বাম দিকে) এবং বর্ধিত সম্পদ (উপরে ডান দিকে)। কেবল এগুলোর প্রতিই বারবার গুরুত্ব দেওয়ার ফলে ‘নারীর সমস্যা সমাধান’ পদ্ধতির জন্ম হয়। একইভাবে কেবল সামাজিক রীতিনীতি বা নীতি পরিবর্তনের প্রতি মনোযোগ কখনোই যথেষ্ট নয়। বরং এবং এই কাঠামোর কেবল একটি অংশবিশেষকে গুরুত্বের সাথে দেখলে কিছুই অর্জন সম্ভব নয়।

এর জন্য প্রয়োজন এই সামগ্রিকভাবে এই ব্যবস্থাটি বোঝা ও সমাধান করা এবং পরিবর্তনের পথে আসা কাঠামোগত ও সমাজের গভীরে প্রোথিত বাধাগুলো মোকাবেলার মধ্য দিয়ে এগিয়ে যাওয়া। একইভাবে পরিবর্তনের জন্য কেবল সামাজিক বাধার দিকে মনোনিবেশ করা।

**চিত্র 2** মহিলাদের জমি এবং সম্পদের অধিকারের উপর জেন্ডার ট্রান্সফরমেটিভ সম্ভাব্য ফলাফলের পরিসীমা

## এর অনেক ব্যবহার রয়েছে, যার মধ্যে রয়েছে:

**1** **একাধিক, ওভারল্যাপিং বাধা ম্যাপ করতে নারীর ভূমি অধিকার জোরদার করতে** প্রেক্ষাপটের আরো সামগ্রিকভাবে বোধগম্যতা নিশ্চিত করতে;

**2** **ফাঁকগুলো শনাক্ত করতে বিদ্যমান এবং পরিকল্পিত প্রোগ্রাম মধ্যস্থতা ম্যাপ করতে।** কেবল যেমন, যদি সমস্ত হস্তক্ষেপ কাঠামো কেবল একটি অংশের উপর দৃষ্টিপাত করে (যেমন স্বতন্ত্র সক্ষমতা বিকাশ অথবা সামাজিক রীতিনীতি পরিবর্তনের উপর), তবে অন্যান্য অংশ অন্য কোন পরিপূরক মধ্যস্থতা সেই প্রচেষ্টাকে সমর্থন বা বজায় রাখতে সাহায্য করবে? আরো সামগ্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণের জন্য অন্য কোন কাজ বা অংশীদারিত্বের প্রয়োজন হতে পারে?

**3** **গভীর ও স্থায়ী পরিবর্তন বাস্তবায়ন করতে (মূল কারণ এবং কাঠামোগত বাধা লক্ষ্য করে সম্ভাব্য প্রোগ্রামিক ফলাফলের পরিসীমা শনাক্ত করার দিকে মনোনিবেশ করা)।** আবার, যদি সব পরিকল্পনার ফলাফল একটি অংশবিশেষে একীভূত করা হয়, সেক্ষেত্রে এটি গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে যে কেবল একটি অংশবিশেষ অন্যান্য অংশবিশেষে কোনো পরিবর্তন ছাড়াই টিকে থাকতে পারে কিনা বা কীভাবে টিকে থাকে। চিত্র 2 এ রয়েছে সম্ভাব্য ফলাফলগুলোর উদাহরণ, যেখানে ফলাফলগুলোর মধ্য থেকে যেকোনো একটি বেছে নেওয়ার পরিবর্তে সেগুলোকে সামগ্রিকভাবে একটি সমষ্টি হিসেবে বিবেচনা করা হলে, সেটির নারীর ভূমি ও সম্পদের অধিকারের ক্ষেত্রে গভীর, দীর্ঘস্থায়ী ও ব্যাপক পরিবর্তন আনার সম্ভাবনা বেশি থাকে।



# আমরা কীভাবে জানব যে নারীর ভূমি অধিকারগুলো সুরক্ষিত রাখার ক্ষেত্রে আমরা জেন্ডার ট্রান্সফরমেটিভ পরিবর্তন অর্জন করেছি?

***2022 সালে,আফ্রিকা, এশিয়া ও লাতিন আমেরিকা এবং ক্যারিবিয়ান জুড়ে থাকা কমিউনিটির প্রতিনিধিত্বকারী ইন্টারন্যাশনাল ল্যান্ড কোয়ালিশন-এর সদস্যরা, জেন্ডার ট্রান্সফরমেটিভ পদ্ধতিগুলো নারীদের ভূমি অধিকার সংরক্ষণে কীভাবে সাহায্য করে সে বিষয়ে তাদের অভিন্ন চেতনার আরো বিকাশ ঘটানোর উদ্দেশ্যে একটি আন্তর্জাতিক জ্ঞান বিনিময় সভায় মিলিত হয়।***

## আমাদের রূপকল্প হলো একদিন

“ আইনি ও নীতি কাঠামোগুলো নারীকে তার ভূমি অধিকার অর্জনে সমর্থন দিবে এবং এই আইনগুলো বাস্তবায়ন ও প্রয়োগ করা হবে এবং এগুলোর জন্য সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ করা হবে।

নারীরা তাদের অধিকার সম্পর্কে জানবে।নারী ভূমির উপর তাদের অধিকার দাবী করবে এবং সেগুলো পুরোপুরি ভোগ করবে। এর মানে হলো তারা স্বাধীনভাবে তাদের জমি পুরোপুরি ব্যবহার, নিয়ন্ত্রণ, মালিকানা ভোগ ও রূপান্তর করতে এবং জমির বিষয়ে সিদ্ধান্ত নিতে সক্ষম হবে। তাদের নিশ্চিত নিরাপত্তা থাকবে, এর মানে তাদের আনুষ্ঠানিক পদবি থাকবে এবং তাদের পরিবার, কমিউনিটি ও স্থানীয় কর্তৃপক্ষ তাদের ভূমি অধিকারকে সম্মান করবে। তাদের ভূমি অধিকারগুলো সময়ের সাথে সাথে নিরাপদ থাকবে এবং তারা সেই অধিকারগুলো পরবর্তী প্রজন্মের কাছে হস্তান্তর করতে পারবে। তাদের এই অধিকারগুলো হারানোর ভয় থাকবে না এবং তারা নিশ্চিন্তে জীবনযাপন ও চাষাবাদ করতে পারবে। যদি তাদের ভূমি অধিকার নিয়ে বিরোধ তৈরি হয়, সেক্ষেত্রে তারা আদালতে মামলা দায়ের করে জিততে পারবে।

সকল মানুষ – পুরুষ ও নারী – নারীদের ভূমির মালিক হওয়ার সুবিধাগুলো সম্পর্কে সচেতন হবে এবং নারীদের কৃষক ও উৎপাদক হিসেবে স্বীকৃতি দিবে এবং পরিবার ও কমিউনিটির জন্য তাদের অবদান স্বীকার করবে। নারীরা আত্মবিশ্বাসী হবে এবং তাদের অর্থনৈতিক ও নেতৃত্বের দক্ষতাগুলো সহ, তাদের সামগ্রিক সক্ষমতা সম্পর্কে জানবে। তারা তাদের অর্থনৈতিক অবস্থান মজবুত করবে, যা তাদের পারিবারিক, কমিউনিটি ও খাদ্য নিরাপত্তা মজবুত করবে।

তাদের স্বামী ও পরিবারের পুরুষ সদস্যরা নিজেদের ভূমি অধিকারের পাশাপাশি নারীদের ভূমি অধিকারগুলোও বুঝবে, সমর্থন দিবে এবং রক্ষা করবে। নারীরা তাদের বাবা, ভাই এবং পরিবারের অন্যান্য সদস্যের কাছে ভূমি ও সম্পত্তি দাবি করতে পারবে। যেসব ভূমি আইনতভাবেই তাদের, সেগুলো তারা স্বয়ংক্রিয়ভাবে উত্তরাধিকারসূত্রে লাভ করবে। পুরুষরা এমনভাবে উইল করবে যাতে তাদের পরিবারের মেয়েদের অধিকারগুলো প্রতিফলিত হবে এবং ভাইয়েরা তাদের বোনদের উত্তরাধিকারকে সমর্থন করবে।

নারীরা সম্মানিত হবে। নারীদের কথা শোনা হবে।. নারী নেতা ও সংস্থাগুলো তাদের কমিউনিটিতে সামনের সারিতে থাকবে এবং নারী ও পুরুষের মধ্যকার ভূমি বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে কাজ করে এমন স্থানীয় প্লাটফর্মগুলোতে সক্রিয় ভূমিকা রাখবে।

**উৎস** https://www.landcoalition.org/en/newsroom/gender-transformative-change-tanzania/

©2022 ILC/Elie Chansa & Moses Vikael




গ্রামীণ নারীরা সংলাপ এবং সরকারি আলোচনা সভায় উল্লেখযোগ্যভাবে সম্পৃক্ত হতে সক্ষম হবে এবং সংস্কার কার্যে সক্রিয় ভূমিকা রাখবে। তাদের সম্মান করা হবে এবং তারা নিজেদের অধিকার রক্ষার জন্য অপরাধী সাব্যস্ত হওয়া বা উচ্ছেদের ঝুঁকিতে পড়বে না।

নারীরা সকল পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণমূলক পদের অধিকারী হবে। তারা ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠানে কাজ করবে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সমর্থন যোগাবে। তারা এমন সব সিদ্ধান্ত নিতে পারবে যা তাদের ভূমি ও পরিবেশের উন্নতি সাধন করবে।

এই রূপকল্প কেবল শিক্ষিত নারীদের জন্য নয়, বরং নারী হিসেবে পরিচিত হয় এমন সকলের জন্য: তৃণমূল নারীর জন্য, তরুণ নারীর জন্য, বয়স্ক নারীর জন্য, দাস-শ্রমিক হিসেবে কাজ করছে এমন নারীর জন্য, প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হয়েছে এমন সকল নারীর জন্য।

নারীরা পরষ্পরকে সহযোগিতা করবে এবং একে অপরের পাশে দাঁড়াবে। নারীদের সম্মিলিত কন্ঠস্বর ইতিবাচক পরিবর্তনকে প্রভাবিত করবে যা সকল নারীর কাছে পৌঁছে যাবে – তাদের পরিবারের জীবন, তাদের কমিউনিটি এবং তাদের সমাজকে উন্নত করবে।

**সবাই তাদের অধিকার ও মর্যাদা অর্জন করবে: সকল নারী ও সকল পুরুষ।** ”

# প্রস্তাবিত রিসোর্স


Doss, C. ও Meinzen-Dick, R. (2020). Land tenure security for women: A conceptual framework. Land Use Policy, 99, 105080.

FAO, IFAD ও WFP (2020) Gender transformative approaches for food security, improved nutrition and sustainable agriculture – A compendium of fifteen good practices. রো ম.

IFAD (2021) How to do note: Securing Women's Tenure Rights. রো ম.

Morgan, M. (2023) “How do we know if what we're doing is really 'gender transformative'?” (Blog). The Alliance of Bioversity International and CIAT.

Rao, A., Kelleher, D. ও Miller, C. (2015). “No shortcuts to shifting deep structures in organisations”. IDS Bulletin, 46(4), 82-91. https://opendocs.ids.ac.uk/opendocs/bitstream/handle/20.500.12413/7731/IDSB_46_4_10.1111-1759-5436.12161.pdf

Oxfam (2019) 'Keepers of the Land': Transformative Leadership for African Women's Land Rights. A Training of Trainers Manual. https://panafrica.oxfam.org/latest/policy-paper/transformative-leadership-women-rights-training-manual-women-land-rights

Trautman, S., Bailey, A. ও Paz Valencia, A. M. (2022) “Securing Land tenure for women and girls to promote climate change resilience” (Blog). CIFOR ForestsNews.




## ইনিশিয়েটিভ কনসোর্টিয়াম

দা সেন্টার ফর ইন্টারন্যাশনাল ফরেস্ট্রি রিসার্চ এন্ড ওয়ার্ল্ড এগ্রো ফরেস্ট্রি (CIFOR-ICRAF) আমাদের সময়ের সবচেয়ে জরুরী বৈশ্বিক চ্যালেঞ্জ – জীববৈচিত্র্য হ্রাস, জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা, জীবিকা ও অসমতা মোকাবেলার লক্ষ্যে বৃক্ষ, বন ও কৃষি বনায়ন ভূচিত্রের শক্তিকে কাজে লাগায়।

জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য হ্রাস, পরিবেশগত অবক্ষয় ও অপুষ্টি। এই চারটি আন্তঃসংযুক্ত বৈশ্বিক সংকট বছরের পর বছর ধরে আমাদের পৃথিবীর কল্যাণকে ঝুঁকির মধ্যে ফেলেছে। কোভিড-19 আক্রান্ত হয়ে, কৃষি, ল্যান্ডস্কেপ, জীববৈচিত্র্য ও মানুষের উপর তাদের প্রভাব এখন আগের চেয়ে শক্তিশালী। এই নেতিবাচক প্রবণতাকে বিপরীতগামী করা একটি চ্যালেঞ্জ, তবে এটি সাহসী সিদ্ধান্ত এবং সমন্বিত সমাধানের সুযোগ। 2019 সালে প্রতিষ্ঠিত, অ্যালায়েন্স অফ বায়োভার্সিটি ইন্টারন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল সেন্টার ফর ট্রপিকাল এগ্রিকালচার (CIAT) এই চারটি সংকট মোকাবেলা, খাদ্য ব্যবস্থার মূল পয়েন্টগুলোতে পরিবর্তনের জন্য সর্বাধিক প্রভাবের জন্য তৈরি করা হয়েছিল।.

ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউট (IFPRI) উন্নয়নশীল দেশগুলোতে টেকসইভাবে দারিদ্র্য হ্রাস এবং ক্ষুধা ও অপুষ্টির অবসানঘটাতে গবেষণা-ভিত্তিক নীতিগত সমাধান সরবরাহ করে। 1975 সালে প্রতিষ্ঠার পর থেকে, IFPRI এর বর্তমানে 50 টিরও বেশি দেশে 600 এরও বেশি কর্মী কাজ করছে। এটি CGIAR-এর একটি গবেষণা কেন্দ্র, উন্নয়নের জন্য কৃষি গবেষণায় নিয়োজিত একটি বিশ্বব্যাপী অংশীদারিত্ব।

## ইনিশিয়েটিভ কন্টাক্ট


**Anne M. Larson,**
গভর্ন্যান্স, সমতা ও কল্যাণ বিষয়ক থিম লিড
a.larson@cifor-icraf.org

**Marlène Elias,**
কান্ট্রি লিড
m.elias@cgiar.org

IFAD Investing in rural people

**Tshering Choden,**
লিঙ্গ ও সামাজিক অন্তর্ভুক্তি বিষয়ক সিনিয়র কারিগরি বিশেষজ্ঞ, জেন্ডার টিম
t.choden@ifad.org

**Rikke Grand Olivera,**
লিড টেকনিক্যাল স্পেশালিস্ট, টেনইয়া টিম
r.olivera@ifad.org


এই নথিটি IFAD এর আর্থিক সহায়তা নিয়ে প্রস্তুত করা হয়েছে। এই প্রকাশনায় প্রকাশিত ফলাফল, মতামত, ব্যাখ্যা ও উপসংহার এর লেখকদেরই নিজস্ব উপস্থাপন এবং অবধারিতভাবে IFAD, এর নির্বাহী বোর্ড, এর সদস্যবৃন্দ, বা তারা প্রতিনিধিত্ব করে এমন কোনো সদস্য রাষ্ট্রের মতামত প্রতিফলিত করে না। IFAD এই কাজে অন্তর্ভুক্ত ডাটার সঠিকতার নিশ্চয়তা দেয় না। এই কাজের কোনো মানচিত্রে প্রদর্শিত সীমানা, রঙ, চিহ্নিতকরণ এবং অন্যান্য তথ্য কোনো অঞ্চলের আইনগত অবস্থা অথবা এই জাতীয় সীমানার সমর্থন বা গ্রহণযোগ্যতা সম্পর্কে IFAD এর পক্ষ থেকে কোনো মতামত প্রকাশ করে না।

https://www.cifor.org/wlr
https://www.ifad.org/en/gender_transformative_approaches